



নং-০৫.০০.০০০০.১৩১.০০.২২৮.২১- ৭৫৬

তারিখ: ০৮ আশ্বিন ১৪২৮
২৩ সেপ্টেম্বর ২০২১


শোক বার্তা

বিদ্যুৎ বিভাগের অধীন টেকসই ও নবায়নযোগ্য জ্বালানি উন্নয়ন কর্তৃপক্ষ (স্রেডা)-এর পরিচালক (যুগ্মসচিব) জনাব মো: মনজুর মোরশেদ (৫৫৮৪) করোনা ভাইরাস (কোভিড-১৯) এ আক্রান্ত হয়ে গত ১৪ আগস্ট ২০২১ তারিখ শনিবার রাত ৮:৩৫ টায় কেন্দ্রীয় পুলিশ হাসপাতাল, ঢাকায় চিকিৎসাধীন অবস্থায় মৃত্যুবরণ করেন (ইনা লিল্লাহি.....রাজিউন)।

০২। জনাব মো: মনজুর মোরশেদ (৫৫৮৪) ১২ সেপ্টেম্বর ১৯৬৩ তারিখে রাজশাহী জেলায় জন্মগ্রহণ করেন। তিনি ১৫ ডিসেম্বর ১৯৯১ তারিখে বিসিএস (প্রশাসন) ক্যাডারে যোগদান করেন। তিনি গত ১৬ জুন ২০১৯ তারিখে সরকারের যুগ্মসচিব পদে পদোন্নতি লাভ করেন। মৃত্যুর পূর্ব পর্যন্ত তিনি সরকারের বিভিন্ন গুরুত্বপূর্ণ পদে দায়িত্ব পালন করেন। তিনি সর্বশেষ বিদ্যুৎ বিভাগের অধীন টেকসই ও নবায়নযোগ্য জ্বালানি উন্নয়ন কর্তৃপক্ষ (স্রেডা)-এর পরিচালক (যুগ্মসচিব) হিসাবে কর্মরত ছিলেন।

০৩। জনাব মো: মনজুর মোরশেদ (৫৫৮৪) তাঁর দীর্ঘ চাকরি জীবনে অত্যন্ত কর্তব্যপরায়ণ, দক্ষ, নিষ্ঠাবান ও সদালাপী কর্মকর্তা ছিলেন। মৃত্যুকালে তিনি স্ত্রী ও এক কন্যাসহ আত্মীয়-স্বজন এবং অসংখ্য গুণগ্রাহী রেখে গেছেন।

০৪। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার জনাব মো: মনজুর মোরশেদ (৫৫৮৪) এর মৃত্যুতে গভীর শোক প্রকাশসহ তাঁর বৃহৎ মাগফিরাত কামনা করছে এবং মরহমের পরিবারের প্রতি আন্তরিক সমবেদনা জ্ঞাপন করছে।


(মো: এম এম আজিম)
সিনিয়র সচিব